

ক্যালিব্রেশন ক্ষেত্রে এ্যাক্রেডিটেশন সনদ প্রদানের আন্তর্জাতিক স্বীকৃতি পেল বিএবি

ঢাকা, ২৪ জুন ২০১৫:

দেশে প্রতিষ্ঠিত ক্যালিব্রেশন ল্যাবরেটরিগুলোকে (Calibration Laboratory) আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য এ্যাক্রেডিটেশন সার্টিফিকেট প্রদানের সক্ষমতা অর্জন করল শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)। ১৭ জুন ২০১৫ শ্রীলঙ্কার কলম্বোতে অনুষ্ঠিত এশিয়া প্যাসিফিক ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন কো-অপারেশন (APLAC) এর পারস্পরিক স্বীকৃতি বিষয়ক সভার Mutual Recognition Arrangement Council (MRA Council) ৩৫ তম অধিবেশনে বিএবি এ আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছে।

আজ শিল্প মন্ত্রণালয় ভবনে অবস্থিত বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডের (বিএবি) কার্যালয় পরিদর্শন শেষে আয়োজিত অনুষ্ঠানে শিল্পমন্ত্রী আমির হোসেন আয়ু আনুষ্ঠানিকভাবে এ স্বীকৃতির কথা ঘোষণা করেছেন।

অনুষ্ঠানে শিল্পমন্ত্রী বলেন, রঞ্চনির ক্ষেত্রে গুণগতমান বজায় রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড গঠন করা হয়। বিএবি'র ক্যালিব্রেশন ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন কার্যক্রম আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা পাওয়ায় দেশে পরিমাপ ব্যবস্থায় চলমান অসামঙ্গ্যস্যতা ও অসচ্ছতা দূরীভূত হবে- Measurement ক্ষেত্রে শিল্পকল কারখানা হতে ভোক্তা পর্যায়ে সবাই সঠিক ও নির্ভুল পরিমাপের নিশ্চয়তা পাবে পাশাপাশি বিশ্ববাজারে বাংলাদেশি পণ্যের রঞ্চনির ক্ষেত্রে বিদ্যমান কারিগরি ও অশুল্ক বাধা (Technical Barriers to Trade- TBT) দূর হবে এবং রঞ্চণি বাণিজ্য উল্লেখযোগ্যহারে বৃদ্ধি পাবে। তিনি এ অর্জন ধরে রাখতে বিএবিকে আরো কঠোর নিয়ম নিষ্ঠার সাথে কাজ করার নির্দেশনা দেন।

বিএবি'র মহাপরিচালক মোঃ আবু আবদুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে শিল্পসচিব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

শিল্প সচিব বলেন, বর্তমানে বিএবি ২৩টি টেস্টিং, ০২টি ক্যালিব্রেশন, ০১টি মেডিকেল ল্যাবরেটরী এবং ০১টি সার্টিফিকেশন বিভিন্ন এ্যাক্রেডিটেশন সনদ প্রদান করেছে। ফলে দেশের ল্যাবরেটরী ও রঞ্চণী কারকগণ উপকৃত হচ্ছেন।

উল্লেখ্য, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) বর্তমানে মেডিক্যাল ল্যাবরেটরি, সার্টিফিকেশন বিভি, ইঙ্গেরিশন বিভি ও হালাল সার্টিফিকেশনের ক্ষেত্রে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনের লক্ষ্যে কাজ করছে। এর ফলে বিদেশ থেকে পণ্যের গুণগতমান সনদ নিতে যে অর্থ ও সময় খরচ হয়, তা সাশ্রয় হবে। ইতোমধ্যে বিএবি ২০১৫ সালের ৮ জানুয়ারী টেস্টিং ল্যাবরেটরীর সনদ প্রদানের জন্য আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে।

(মোঃ তোহিদুর রহমান)

সহকারী পরিচালক

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড

ফোনঃ ৯৫৮৬০৯১ (অফিস)

www.bab.org.bd